গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

জরুরী

স্মারক নম্বর-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০১.১৭. ১৮৬০ তারিখ: ০৪/০১/২০১৮

বিষয়: দশম জাতীয় সংসদের উনিশতম অধিবেশনের কার্যক্রম সরাসরি সম্প্রচার।

আগামী ০৭ জানুয়ারি ২০১৮ খ্রিঃ, রবিবার বিকেল ৪টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি দশম জাতীয় সংসদের উনিশতম অধিবেশন (২০১৮ সালের ১ম অধিবেশন) আহ্বান করেছেন। উদ্বোধনী অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতি ভাষণ প্রদান করবেন। উক্ত অধিবেশনসহ প্রতিদিনের সংসদ অধিবেশন কার্যক্রম বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্রের নিম্নোক্ত ছকে বর্ণিত ফ্রিকোয়েন্সি ও বাংলাদেশ বেতারের ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে। এ সময় সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা হবে নিম্নরূপ:

ক্রম	অনুষ্ঠান	ফ্রিকোয়েন্সি	প্রচারকাল	মন্তব্য
০১.	সংসদ অধিবেশনের কার্যক্রম	মধ্যম তরঙ্গ ৬৯৩কি.হা. ও এফ.এম. ১০৩.২মে.হা.	সকল সময়	এলপিটি ৬৯৩কি.হা. এর অনুষ্ঠান রিসিভ করে ১০৩.২মে.হা.-এ ইনপুট দিবে
০২.	ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, আযান, জাতীয় অনুষ্ঠান, সংবাদ ও আবহাওয়াবার্তা	মধ্যম তরঙ্গ ৮১৯কি.হা., এফ.এম. ১০৬.০ মে. হা. ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০কি.হা.	সন্ধ্যা ৭টা পর্যন্ত সব সময়; **(খেলা থাকলে সন্ধ্যা ৭টার পরও একই ব্যবস্থাপনা হবে)**	এইচপিটি-১, ১০৬.০মে.হা.এর অনুষ্ঠান রিসিভ করে ৮১৯কি.হা.-এ ইনপুট দিবে
		মধ্যম তরঙ্গ ৬৩০কি.হা., এফ.এম. ১০৬.০মে. হা. ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০কি.হা	সন্ধ্যা ৭টার পর	মধ্যম তরঙ্গ ৬৩০কি.হা.-এ খেলা না থাকলে
০৩.	ঢাকা-খ এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান	মধ্যম তরঙ্গ ৮১৯কি.হা.	সন্ধ্যা ৭টার পর	মধ্যম তরঙ্গ ৬৩০কি.হা.-এ খেলা না থাকলে
		প্রচার বন্ধ থাকবে	সন্ধ্যা ৭টা থেকে	মধ্যম তরঙ্গ ৬৩০কি.হা.-এ খেলা থাকলে
০৪.	ঢাকা কেন্দ্রের বিনোদন অনুষ্ঠান	এফ.এম. ৯৭.৬ মে.হা.	-	যথারীতি প্রচার হবে

২। **বাংলাদেশ বেতারের অন্যান্য আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফ.এম ব্যান্ডে উদ্বোধনী অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতি প্রদত্ত ভাষণ রীলে হবে। এক্ষেত্রে আঞ্চলিক কেন্দ্রসমূহের পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ/সমন্বয়ের মাধ্যমে প্রচার হবে। তবে সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সিতে বিবিসি-র অনুষ্ঠান যথারীতি প্রচার হবে। এ সময় সংশ্লিষ্ট কেন্দ্রের বিকল্প এফ.এম ফ্রিকোয়েন্সিতে (যদি থাকে) মহামান্য রাষ্ট্রপতির ভাষণ রীলে হবে।**

৩। জাতীয় সংসদ অধিবেশনের কার্যক্রম কোনদিন দুপুর ১২টা ১০মিনিটের পর চালু থাকলে, ঢাকা-ক, ৬৯৩ কি.হা. ট্রান্সমিটারটি দুপুর ১২টা ১০মিনিটে বিরত না হয়ে সংসদ অধিবেশনের কার্যক্রম প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৪। মহামান্য রাষ্ট্রপতির ভাষণ/সংসদ অধিবেশন সরাসরি সম্প্রচারের লক্ষে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে, সংসদ অধিবেশনের কার্যক্রম শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অধিবেশন/কার্যক্রম শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৫। **সংসদ কার্যক্রম প্রচারকালীন মহাশক্তি প্রেরণ কেন্দ্রে বিদ্যুত/যান্ত্রিক বিঘ্নের কারণে মধ্যম তরঙ্গ ৬৯৩ কি.হা-এ সম্প্রচার বিঘ্ন ঘটলে সংসদ অধিবেশন মধ্যম তরঙ্গ ৮১৯ কি.হা ও এফ.এম. ১০৬.০ মে.হা-এ তাৎক্ষণিকভাবে প্রচার শুরু হবে। এ সময় ঢাকা কেন্দ্রের অন্যান্য অনুষ্ঠান প্রচার ব্যবস্থাপনার বিষয়ে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা, প্রকৌশল শাখার সংশ্লিষ্টদের সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবেন।**

৬। জাতীয় সংসদ অধিবেশনের কার্যক্রম প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, জাতীয় সংসদ ভবন থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত এবং প্রয়োজন হলে জাতীয় বেতার ভবন থেকে আঞ্চলিক কেন্দ্রসমূহের প্রচার ভবন পর্যন্ত (মহামান্য রাষ্ট্রপতির ভাষণ রীলের জন্য) টেলিফোন লাইন বুক করবেন। টেলিফোন সংযোগের ব্যয়ভার সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের খাত থেকে নির্বাহ হবে।

৭। সংসদ অধিবেশনের কার্যক্রম সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, সংসদ ভবনের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় যন্ত্রপাতি দিয়ে বেতার সম্প্রচার বুথ স্থাপনসহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।

৮। জাতীয় সংসদের কার্যক্রম প্রচারকালীন এফ.এম ১০৬.০মে.হা প্রচারিতব্য ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, আযান, জাতীয় অনুষ্ঠান ও আবহাওয়াবার্তা এবং ৭ জানুয়ারি ২০১৮ তারিখে ৬৯৩কি.হা প্রচারিতব্য সংসদ অধিবেশন (মহামান্য রাষ্ট্রপতির ভাষণসহ) স্যাটেলাইটে আপলিঙ্ক করার জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৯। সংসদ অধিবেশনের কার্যক্রম সম্প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ সংসদ অধিবেশন প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিতকরণ, সংসদের কার্যক্রম যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তাশাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।

১০। সংসদ অধিবেশন সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে সংসদ অধিবেশন সম্প্রচার তত্ত্বাবধানসহ তা যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।

১১। সংসদের কার্যক্রম প্রচারকালীন ফিলার প্রচারে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করবে।

১২। সংসদ অধিবেশনের প্রতিদিনের কার্যক্রমের সময়সূচি পরিবর্তন হলে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন জাতীয় সংসদ সচিবালয়ের সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে সংসদ অধিবেশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্প্রচার নিশ্চিত করবেন।

১৩। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা-সংসদ অধিবেশনের প্রতিদিনের কার্যক্রমের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। সংসদ অধিবেশনের কার্যক্রম শুরুর ১ঘন্টা পূর্বে সংসদ ভবনে উপস্থিতির জন্য সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা দেয়া হলো।

১৫। পরিচালক, লিয়াজোঁ, সদর দপ্তর এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন।

(সালাহউদ্দিন আহমদ)
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান
ফোন: ০২-৪৪৮১৩০৬৭
মহাপরিচালকের পক্ষে।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১। প্রধান প্রকৌশলী/উপ-মহাপরিচালক, বার্তা, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র, ধামরাই, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর (**দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**)/জাতীয় বেতার ভবন, আগারগাঁও ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।

৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

৫। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কুমিল্লা/ রাঙামাটি/ বান্দরবান/ কক্সবাজার।

৬। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কুমিল্লা/ রাঙামাটি/ বান্দরবান/ কক্সবাজার।

৭। স্টেশন প্রকৌশলী, নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।